



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- অ/৭৯/গোপাল/ ৪০৬৭

তারিখ : ২৯/১২/২০

বিষয় : বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে কোটালীপাড়া এস এন ইনসিটিউশন-কে ০১/০১/২০১৪ থেকে ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত ৩ (তিনি) বছরের জন্য অঙ্গীভাবে স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহ :

- প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাদের শিক্ষণত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
- বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য এক্সপ্রেস ও প্রভিডেন্ট ফাস্ট চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
- একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট হতে হবে।
- বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ৩,০০০/- (তিনি হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাত্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।

## প্রাপকঃ প্রধান শিক্ষক

কোটালীপাড়া এস এন ইনসিটিউশন,  
পোঁ হরিনাহাটি, উপজেলাঃ কোটালীপাড়া,  
জেলাঃ গোপালগঞ্জ।

স্বাঃ  
বিদ্যালয় উপ-পরিদর্শক  
পক্ষে-বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


মেমো নং- ৪০৬৭(৭)

তারিখ : ২৯/১২/২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- পরিচালক, বেনবেইস নীলক্ষেত্র, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- অফিস কপি।

২০১২/১২/১০  
২৯/১২/২০

  
বিদ্যালয় উপ-পরিদর্শক  
পক্ষে-বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।